

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 27-02-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**India-Israel Mou :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইসরায়েল সফর শেষে দেশে ফিরে এসেছেন। এই সফরে ভারত ও ইসরায়েল সাংস্কৃতিক বিনিময়, ভূ-ভৌতিক অনুসন্ধান, মৎস্য ও জলজ পালন, ইউ.পি.আই. এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের মাধ্যমে শিক্ষার অগ্রগতি সহ বেশ কয়েকটি ক্ষেত্রে একাধিক সমঝোতা স্মারক বিনিময় করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর মধ্যে প্রতিনিধি-স্তরের আলোচনার পর এই সমঝোতা স্মারকগুলি বিনিময় করা হয়। পরে এক প্রেস বিবৃতিতে শ্রী মোদী বলেন, ভারত-ইসরায়েল সম্পর্ক গভীর আস্থা, অভিন্ন গণতান্ত্রিক মূল্যবোধ এবং গভীর মানবিক সংবেদনশীলতার দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। শ্রী মোদী বলেন, এই চুক্তি কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম এবং গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের মতো ক্ষেত্রে সহযোগিতাকে নতুন গতি দেবে।

\*\*\*\*\*

**Viksit Bharat :**

আগরতলা শিশু উদ্যানে তিনদিন ব্যাপী বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরার শীর্ষক মেগা প্রদর্শনীর গতকাল উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, সম্মিলিত প্রয়াসের মধ্য দিয়ে নতুন ত্রিপুরা গড়ে তোলা সম্ভব। প্রধানমন্ত্রীর নির্দেশই প্রতিটি রাজ্যে কি উন্নয়ন হচ্ছে তার বাস্তব

ৰূপৰেখা তুলে ধৰা। ঠাতে মানুহ উপলব্ধি ও অনুধাবন করতে পারেন 2047 সালের বিকশিত ভারতের বাস্তব চিত্র কি হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, সবাই মিলে মিশন মুডে কাজ করলে এ ত্ৰিপুৱাৰ শ্ৰেষ্ঠ ত্ৰিপুৱা বিকশিত ভারত ও বিকশিত ত্ৰিপুৱা গড়া সম্ভব । অনুষ্ঠানে সাংসদ তথা প্ৰদেশ বিজেপি সভাপতি ৱাজিব ভট্টাচাৰ্জী আসা প্ৰকাশ করেন, আগামী দিনে সাবৰুৱম দিয়ে চট্টগ্ৰাম বন্দৰেৰ সঙ্গে সংযোগ স্থাপনেৰ মাধ্যমে ত্ৰিপুৱা উন্নয়নেৰ আৰেকটি দিগন্ত খুলবে। এছাড়া বক্তব্য ৱাখেৰ আগৰতলা পুৰ নিগমেৰ মেয়ৰ তথা বিধায়ক দীপক মজুমদাৰ।

\*\*\*\*\*

### **Cabinet Decision :**

কেন্দ্ৰীয় সামাজিক ন্যায়াবিচাৰ ও ক্ষমতায়ন মন্ত্ৰকেৰ অধীনে নতুন প্ৰকল্প নাৰী আদালত ৱাজ্যেৰ ১০টি পঞ্চায়েতে পাইলট প্ৰজেক্ট হিসাবে চালু কৰাৰ জন্য ৱাজ্য মন্ত্ৰিসভাৰ বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পৰিবহনমন্ত্ৰী সুশান্ত চৌধুৰী গতকাল মহাকৰণে সাংবাদিক সম্মেলনে এ খবৰ জানান । তিনি জানান, এই প্ৰকল্পে গ্ৰামে অত্যাচাৰিত, শাৰীৰিক নিগৃহীত কিংবা আক্ৰান্ত মহিলাদেৰ জন্য বিচাৰ প্ৰক্ৰিয়া গ্ৰাম পৰ্যায়েই কৰা হবে। প্ৰকল্পটি ৱাজ্যে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তৰ বাস্তবায়ন কৰবে। এই আদালত সৰ্বোচ্চ ৯ জনেৰ কমিটি দ্বাৰা পৰিচালিত হবে।

শ্ৰী চৌধুৰী আৰো জানান, মন্ত্ৰিসভাৰ বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, ৱাজস্ব দপ্তৰেৰ অধীনে ৬ জন অ্যাসিস্টেণ্ট সাৰ্ভে অফিসাৰ এৰং ১০ জন ৱেভিনিউ ইন্সপেক্টৰ নিয়োগ কৰা হবে। তাছাড়া স্বাস্থ্য ও পৰিবাৰ কল্যাণ দপ্তৰেৰ অধীনে ৩২ জন জুনিয়ৰ ড্ৰাইভাৰ পদে নিয়োগ কৰা হবে। তিনি বলেন, তপশিলি জাতি কল্যাণ দপ্তৰেৰ অধীনে ৱাজ্যেৰ সকল আবাসিক হোস্টেলগুলিতে থাকা ছাত্ৰছাত্ৰীদেৰ দৈনিক স্টাইপেন্ড ৮০ টাকা থেকে বাড়িয়ে ১০০ টাকা কৰা হয়েছে।

\*\*\*\*\*

## **State Innovative Mission in Tripura :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল হাঁপানিয়ার আন্তর্জাতিক প্রদর্শনী কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে স্টেট ইনোভেশন মিশন-ত্রিপুরা এবং ত্রিপুরা নার্চারিং এন্টারপ্রেনারশিপ অ্যান্ড স্টার্টআপস অর্থাৎ টি-নেস্টের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, নীতি আয়োগের সহযোগিতায় ত্রিপুরা দেশের প্রথম রাজ্য হিসেবে এই ধরনের মিশন চালু করার গৌরব অর্জন করলো।

টি-নেস্ট সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেন, এটি রাজ্য উদ্ভাবন মিশনের একটি কার্যকরী শাখা হিসেবে কাজ করবে। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উদ্ভাবন বাজারের চাহিদার সাথে সংযুক্ত করবে এবং বিনিয়োগের সুযোগ তৈরি করবে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেন, ত্রিপুরার উন্নয়নের মানচিত্রে গতকাল এক ঐতিহাসিক মাইলফলক রচিত হলো। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অ্যাক্ট-ইস্ট পলিসির কারণে উত্তর পূর্বাঞ্চল আজ উদ্ভাবন ও প্রযুক্তি নির্ভর উন্নয়নের ক্ষেত্রে নতুন সম্ভাবনার দিগন্ত উন্মোচন করেছে।

\*\*\*\*\*

## **Union Minister Dr Jitendra Singh :**

কেন্দ্রীয় বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক বিকাশে আন্তরিকভাবে কাজ করছেন। গতকাল সিপাহীজলা জেলায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প পর্যালোচনার পর তিনি সাংবাদিকদের একথা বলেন। তিনি বলেন, সিপাহীজলা জেলায় প্রশাসন ও জনপ্রতিনিধিদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে সফলভাবে উন্নয়নমূলক কাজ পরিচালিত হচ্ছে। এর ফলে লাখপতি দিদি এবং বিভিন্ন প্রকল্পে এই জেলায় ভালো কাজ হচ্ছে।

\*\*\*\*\*

**Tribal Welfare Minister Bikash Debbarma inaugurated the 14-day Hathkagha Mela :**

ত্রিপুরা সরকারের হ্যান্ডলুম, হ্যান্ডি ট্রাস্টস ও সেরিকালচার অধিদপ্তরের উদ্যোগে খোয়াই জেলার তেলিয়ামুড়া চাকমা ঘাট ব্যারেজ প্রাঙ্গণে ১৪ দিনব্যাপী রাজ্য হ্যান্ডলুম এক্সপো মেলা ২০২৫-২৬ শুরু হয়েছে। মেলার উদ্বোধন করেন রাজ্যের জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। উপস্থিত ছিলেন জেলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায়, খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী প্রমুখ।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*